

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৫৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ জামাআতে সালাত আদায় করা হয় এমন মাসজিদে একজন স্ত্রীর জন্য তার স্বামীর সাথে ই‘তেকাফ করা জায়েয

ذِكْرُ جَوَازِ اعْتِكَافِ الْمَرْأَةِ مَعَ زَوْجِهَا فِي مَسَاجِدِ الْجَمَاعَاتِ

আরবী

3659 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَادَ الْإِعْتِكَافَ فَاسْتَأْذَنَتْهُ عَائِشَةُ لِتَعْتَكِفَ مَعَهُ فَأَذِنَ لَهَا فَضَرَبَتْ خِبَاءَهَا فَسَأَلَتْهَا حَفْصَةُ أَنْ تَسْتَأْذِنَ لَهَا لِتَعْتَكِفَ مَعَهَا فَلَمَّا رَأَتْ ذَلِكَ زَيْنَبُ ضَرَبَتْ مَعَهَا وَكَانَتْ امْرَأَةً غَيُورًا فَرَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبِيَّتَهُنَّ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا هَذَا أَلْبِرٌ تُرِدْنَ بِهِذَا؟) فَتَرَكَ الْإِعْتِكَافَ حَتَّى أَفْطَرَ مِنْ رَمَضَانَ ثُمَّ إِنَّهُ اعْتَكَفَ فِي عِشْرِينَ مِنْ شَوَالٍ

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3659 | خلاصة حكم المحدث: صحيح: ق بلفظ: ((العشر الأول من شوال)).

বাংলা

৩৬৫৯. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার ই‘তেকাফ করার ইচ্ছা করেন, অতঃপর আয়িশা রাদিয়াল্লাহু আনহা তাঁর কাছে তাঁর সাথে ই‘তেকাফ করার অনুমতি চান। অতঃপর তিনি তাকে অনুমতি দেন। অতঃপর তিনি তার তাবু স্থাপন করেন। তারপর হাফসা রাদিয়াল্লাহু আনহা আয়িশা রাদিয়াল্লাহু আনহা-র কাছে আবদার করেন, তিনি যেন তার জন্য অনুমতি চান, যাতে তিনি তার সাথে ই‘তেকাফ করতে পারেন। অতঃপর যাইনাব রাদিয়াল্লাহু আনহা যখন এটা দেখলেন, তিনিও তার সাথে তাবু স্থাপন করেন। আর তিনি খুবই আত্মমর্যাদাশীল নারী ছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম যখন তাদের তাবু দেখলেন, তখন তিনি বললেন, “এসব কী? এসব দ্বারা কী সাওয়াব উদ্দেশ্য নেওয়া হয়েছে?” অতঃপর রমযান শেষ হওয়া পর্যন্ত তিনি ই‘তেকাফ করা ছেড়ে দেন। তারপর তিনি শাওয়াল মাসে ২০ দিন ই‘তেকাফ করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১৭২; সহীহ ইবনু খুযাইমাহ: ২২২৪; মুসনাদ আহমাদ: ৬/৮৪; সহীহুল বুখারী: ২০৩৩; সুনান বাইহাকী: ৪/৩২২; বাগাবী: ১৮৩৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৬৫৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92996>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন